

## ❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ৫৮৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৭৮]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৬৫: মরণকে স্মরণ এবং কামনা-বাসনা কম করার গুরুত্ব

### بَابُ ذِكْرِ الْمَوْتِ وَقَصْرِ الْأَمَلِ - (65)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «بَادِرُوا بِالْأَعْمَالِ سَبْعًا، هَلْ تَنْتَظِرُونَ إِلَّا فَقْرًا مُنْسِيًا، أَوْ غِنًى مُطْغِيًا، أَوْ مَرَضًا مُفْسِدًا، أَوْ هَرَمًا مُفْنِدًا، أَوْ مَوْتًا مُجْهِزًا، أَوْ الدَّجَالَ، فَشَرُّ غَائِبٍ يُنْتَظَرُ، أَوِ السَّاعَةِ وَالسَّاعَةُ أَذْهَى وَأَمْرٌ؟»  
«رواهُ الترمذی وقال: حديثٌ حسنٌ.»

বাংলা

৫/৫৮৩। আবু হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেছেনঃ সাতটি জিনিস প্রকাশ পাওয়ার পূর্বেই তোমরা ভাল কাজের দিকে অগ্রসর হওঃ

- (১) তোমরা কি এমন দারিদ্রতার জন্য অপেক্ষা করছো যা অমনোযোগী (অক্ষম) করে দেয়,
  - (২) অথবা এ রকম প্রাচুর্যের যা ধর্মদ্রোহী বানিয়ে ফেলে,
  - (৩) অথবা এমন রোগ-ব্যধির যা (শারিরীক সামর্থ্যকে) ধ্বংস করে দেয়,
  - (৪) অথবা এমন বৃদ্ধাবস্থার যা জ্ঞান-বুদ্ধিকে বিনষ্ট করে দেয়,
  - (৫) অথবা এমন মৃত্যুর যা হঠাৎই উপস্থিত হয়,
  - (৬) কিংবা দাজ্জালের, যা অপেক্ষমান অনুপস্থিত বিষয়ের মধ্যে নিকৃষ্টতর,
  - (৭) অথবা কিয়ামতের যা অত্যন্ত বিভীষিকাময় ও তিক্তকর।
- (তিরমিযী হাদীসটিকে হাসান বলেছেন)[1]

## English

(65) Chapter: Remembrance of Death and Restraint of Wishes

Abu Hurairah (May Allah be pleased with him) reported:  
Messenger of Allah (ﷺ) said, "Hasten to do good deeds before you are overtaken by one of the seven afflictions." Then (giving a warning) he said, "Are you waiting for poverty which will make you unmindful of devotion, or

prosperity which will make you corrupt, or a disease which will disable you, or senility which will make you mentally unstable, or sudden death which will take you all of a sudden, or Ad-Dajjal who is the worst expected, or the Hour; and the Hour will be most grievous and most bitter."

[At- Tirmidhi].

Commentary: The Hadith focuses on seven things which hold back man from the virtuous path. Taking in consideration the turning health and the brief span of life to his account, he is, therefore, apt to gather up good deeds for the Hereafter because an untoward situation may confront him any moment and render him unable to do good things to his benefit in the otherworldly life.

## ফুটনোট

[1] হাদীসটিকে ইমাম তিরমিযী বর্ণনা করে বলেছেনঃ হাদীসটি হাসান। কিন্তু হাদীসটি হাসান নয় বরং দুর্বল। আমি (আলবানী) বলছিঃ এর সনদে দুর্বলতা রয়েছে আর এ সম্পর্কে আমি “সিলসিলাহ্ য’ঈফা” গ্রন্থে (নং ১৬৬৬) ব্যাখ্যা প্রদান করেছি। আমি এর কোন শাহেদ পাচ্ছি না। তিরমিযী কর্তৃক বর্ণিত সনদে মুহরিয ইবনু হারুন নামক এক বর্ণনাকারী রয়েছেন তার সম্পর্কে ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীস। অন্য একটি সূত্রে এ মুহরিয না থাকলেও সেটির মধ্যে নাম উল্লেখ না করা এক অজ্ঞাত ব্যক্তি হতে মা’মার বর্ণনা করেছেন আর সে অজ্ঞাত ব্যক্তি মাকবুরী হতে বর্ণনা করেছেন। ফলে অন্য সূত্রটিও এ মাজহুল বর্ণনাকারীর কারণে দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23548>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন